

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৬

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. পেশাবরত অবস্থায় সালামের জবাব দেয়া

باب أَيَرُدُّ السَّلَامَ وَهُوَ يَبُول

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ، وَأَبُو بَكْرٍ ابْنَا أَبِي شَيْبَةَ قَالَا: حَدَّثَنَا عُمَرُ بْنُ سَعْدٍ، عَنْ سُفْيَانَ، عَنِ الله عليه الضَّحَّاكِ بْنِ عُثْمَانَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ: مَرَّ رَجُلٌ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُو يَبُولُ فَسَلَّمَ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيْهِ . قَالَ أَبُو دَاوُدَ وَرُوِيَ عَنِ ابْنِ عُمَرَ وَغَيْرِهِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم تَيَمَّمَ ثُمَّ رَدَّ عَلَى الرَّجُلِ السَّلامَ

حسن: م

বাংলা

১৬। ইবনু 'উমার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পেশাব করছিলেন, এমতাবস্থায় তাঁর পাশ দিয়ে অতিক্রমকারী এক ব্যক্তি তাকে সালাম দিল। তিনি তার জবাব দিলেন না।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ইবনু 'উমার ও অন্যান্য সূত্রে বর্ণিত আছেঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তায়াম্মুম করলেন, তারপর লোকটির সালামের জবাব দিলেন।[1]

হাসান; মুসলিম।

English

Narrated Ibn 'Umar:

A man passed by the Prophet (sal Allaahu alayhi wa sallam) while he was urinating, and saluted him. The Prophet (sal Allaahu alayhi wa sallam) did not return the salutation to him.



Abu Dawud said: It is narrated on the authority of Ibn 'Umar that the Prophet (sal Allaahu alayhi wa sallam) performed tayammum, then he returned the salutation to the man.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ তায়াম্মুম), তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ অযুহীন অবস্থায় সালামের জবাব দেয়া অপছন্দনীয়, হাঃ ৯০), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পেশাবরত ব্যক্তিকে সালাম দেয়া, হাঃ ৩৭) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা ও তার পন্থাসমূহ, অনুঃ পেশাবকারীকে সালাম দেয়া, হাঃ ৩৫৩) ইবনু খুযাইমাহ (হাঃ ৭৩), প্রত্যেকেই সুফয়ান সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন